

💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ প্রকার যাদু রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

পাগল করা যাদু

খারেজা বিনতে সালত তার চাচা থেকে বর্ণনা করেছেন যে, তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট উপস্থিত হয়ে ইসলাম গ্রহণ করলেন। ইসলাম গ্রহণ করার পর তিনি তার নিকট হতে ফিরে আসছিলেন। পথিমধ্যে তিনি এক গোত্রের নিকট দিয়ে অতিক্রম করছিলেন এমন সময় তিনি দেখতে পান যে, এক পাগল জিঞ্জিরে আবদ্ধ রয়েছে। তার সাথের লোকজন বললঃ আমরা খবর পেয়েছি, আপনাদের সেই মহান সাথী নাকি এক মহান কল্যাণসহ আর্বিভূত হয়েছেন। সুতরাং আপনাদের নিকট এমন কিছু কি আছে যা দ্বারা এ পাগলকে চিকিৎসা করতে পারেন?

অতঃপর আমি সূরা ফাতিহা পড়ে তাকে ঝাড়-ফুক করলে সে সুস্থ হয়ে গেল। তারা আমাকে এর বিনিময়ে ১০০টি ছাগল দিল। আমি নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর খেদমতে উপস্থিত হয়ে পূর্ণ ঘটনা বর্ণনা করলাম। বললেন তুমি কি সূরা ফাতিহা ছাড়া অন্য কিছুও পড়েছিলে? আমি বললামঃ না। অতঃপর নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আল্লাহর শপথ! কত কত মানুষ ভ্রান্ত ঝাড়-ফুকের দ্বারা কামাই করে খায়; আর তুমি তা সঠিক ঝাড়-ফুকে অর্জন করেছ।" অন্য এক রেওয়ায়েতে আছে যে, সেই সাহাবী সূরা ফাতেহা পড়ে তিন দিন সকাল সন্ধ্যা ঝাড়-ফুক করেন। যখনই সূরা ফাতেহা পড়া শেষ করতেন মুখের থুতু জমা করে রোগীর উপর নিক্ষেপ করতেন। (আবু দাউদঃ ত্বিব ১৯, ইমাম নববী সহীহ বলেছেন এবং শায়খ আলবানীও।)

Source — https://www.hadithbd.com/books/link/?id=5924

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন